ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৩৫
মোহনপুর,৫ মে,২০২৫

**প্রধানমন্ত্রী আবাস যোজনা : বামুটিয়া ব্লক এলাকায় ৬,৬৩৪টি ঘর নির্মাণ**

গত অর্থবছরে প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) বামুটিয়া ব্লকে মোট ৬,৯৪২ জন সুবিধাভোগীকে পাকা গৃহ নির্মাণ করে দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিলো। ইতিমধ্যে ৬,৬৩৪টি ঘর তৈরির কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট গৃহ নির্মাণের কাজ চলছে। ৬,৯৪২ জন সুবিধাভোগীর মধ্যে সবাই প্রথম কিস্তির টাকা পেয়েছেন। দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছেন ৬,৭৬৭ জন এবং তৃতীয় কিস্তির টাকা পেয়েছেন ৬,৬১৩ জন। এই প্রকল্পে প্রত্যেক সুবিধাভোগীকে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে দেওয়া হয়। বামুটিয়া ব্লক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়।

*****